



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষিখামার সড়ক, ফার্মগেট, বাংলাদেশ, ঢাকা-১২১৫।

স্মারক নং: ৩৩.০১.০০০০.১০১.২১.৫৬(৩).১৯- ৩৭২২

তারিখ: ০৭/১০/২০২০

বিষয়: যথাসময়ে বার্ষিক গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর, প্রতিস্বাক্ষর ও প্রেরণ সংক্রান্ত নির্দেশনা।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ১ম শ্রেণির কর্মকর্তাদের এসিআর লিখন, অনুশাসন ও প্রতিস্বাক্ষর সংক্রান্ত বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের এসিআর সংক্রান্ত সুনির্দিষ্ট পরিপত্র থাকা স্বত্বেও প্রাণিসম্পদ অধিদপ্তর/রাধীন বিসিএস(লাইভস্টক) ক্যাডারের কোন কোন কর্মকর্তা তা অনুসরণ করছেন না। নির্ধারিত সময়সীমার মধ্যে বার্ষিক গোপনীয় অনুবেদন লিখন, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষর না করার কারণে মাঠ পর্যায়ের অনেক কর্মকর্তা ভোগান্তির শিকার হচ্ছেন। এ অবস্থা নিরসনকল্পে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত অনুশাসনমালা অনুযায়ী এবং নির্ধারিত সময়ে বার্ষিক গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর, প্রতিস্বাক্ষর করতঃ অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

২। বার্ষিক গোপনীয় অনুবেদনের ১ম পৃষ্ঠার পরিচিতি নং এ এবং ৩য় পৃষ্ঠার ৭ম কলামে থ্রেডেশন নম্বর আবশ্যিকভাবে লেখতে হবে।

৩। বার্ষিক গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর, প্রতিস্বাক্ষরের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রদত্ত এসিআর সংক্রান্ত নির্দেশনা/পরিপত্র (www.mopa.gov.bd) অনুসরণ করার জন্য বলা হলো।

৪। বার্ষিক গোপনীয় অনুবেদন কোন অবস্থাতেই ভাঁজ করা যাবে না। পূরণ করা অনুবেদন ফরম এক দপ্তর হতে অন্য দপ্তরে প্রেরণ করার সময় অবশ্যই আবদ্ধ খামে 'গোপনীয়' কথাটি চিহ্নিত করে পত্র মারফত পাঠাতে হবে।

৫। কোন কর্মকর্তা উপরোক্ত নির্দেশনা পালনে ব্যর্থ হলে সংশ্লিষ্ট কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।


(ডা. মনজুর মোহাম্মদ শাহজাদা)
উপরিচালক প্রশাসন
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং: ৩৩.০১.০০০০.১০১.২১.৫৬(৩).১৯

তারিখ: ০৭/১০/২০২০

আপনার নিয়ন্ত্রাধীন সকল দপ্তর/প্রতিষ্ঠানে বিষয়টি অবহিত করতঃ পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। পরিচালক, প্রশাসন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। পরিচালক, উৎপাদন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। পরিচালক, সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৪। পরিচালক, গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৫। অধ্যক্ষ, অফিসার্স ট্রেনিং ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
- ৬। আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৫। অফিস কপি।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা